তারিখ 12 JUL 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

কালের কণ্ঠ

# উত্তরা হাই স্কুলে বেতন বাড়ল

## প্রতিবাদে অভিভাবকদের সড়ক অবরোধ

টঙ্গী (গাজীপুর) প্রতিনিধি

রাজধানীর উত্তরা হাই স্কুল অ্যান্ড কলেজে গতকাল সোমবার সকালে হঠাৎ বেতন বৃদ্ধি করায় অভিভাবকরা বিক্ষোভ প্রদর্শন, মিছিল ও সড়ক অবরোধ করেছেন। এতে সড়কের উভয় পাশে শত শত যানবাহন আটকে থাকায় অফিসগামী মানুষ চরম ভোগান্তিতে পড়ে।

বিক্ষুব্ধ অভিভাবকরা জানান, ৭ নম্বর সেক্টরের উত্তরা হাই স্কুল অ্যান্ড কলেজে প্রায় ১১ হাজার শিক্ষার্থী পড়ালেখা করে। প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ অভিভাবকদের সঙ্গে আলোচনা না করে বেতন বৃদ্ধির সিদ্ধান্ত নেয়। গতকাল ভোরে প্রতিষ্ঠানের গেটে বর্ধিত বেতন চলতি মাস থেকে পরিশোধের একটি নোটিশ টানিয়ে দেয়। আগে মাসিক বেতন ছিল ৫৭০ টাকা। নতুন ধার্য করা বেতন ৭৭০ টাকা। পরীক্ষা সামনে রেখে কর্তৃপক্ষের এমন হঠকারী সিদ্ধান্তে সকালে বেতন ও পরীক্ষার ফি দিতে আসা কয়েক হাজার অভিভাবক ক্ষিপ্ত হয়ে ওঠেন।

এ বিষয়ে জানতে তাঁরা প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডা. মোহাম্মদ আমিনুর রহমানের কক্ষে গেলে তিনি কৌশলে সটকে পড়েন। এতে বিক্ষুব্ধ অভিভাবকরা একটি বিক্ষোভ মিছিল নিয়ে ৭ নম্বর সেক্টরের ১ নম্বর সড়কসহ কয়েকটি সড়ক অবরোধ করে রাখেন। এ সময় সড়কের উভয় পাশে শত শত যানবাহন আটকে পড়ায় অফিসগামী লোকজন, স্কুল-কলেজগামী ছাত্রছাত্রী, কর্মজীবী নারী-পুরুষসহ সাধারণ পথচারীরা চরম ভোগান্তিতে পড়ে। খবর পেয়ে উত্তরা পশ্চিম থানা পুলিশ ঘটনাস্থলে যায়। তারা শিক্ষার্থীদের বেতন যাতে বৃদ্ধি করা না হয় এ ব্যাপারে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সঙ্গে আলাপ-আলোচনা করে। পরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিলে অভিভাবকরা শান্ত হন।

এ বিষয়ে উত্তরা হাই স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডা. মোহাম্মদ আমিনুর রহমান বলেন, 'আমি বোর্ডে গিয়েছিলাম। তাই এ ব্যাপারে কিছুই বলতে পারছি না।'